গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৮

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২৩

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

প্রতিটি উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের নিমিত্ত গত তিন বছরে ১১০টি ফায়ার স্টেশন চালুর মাধ্যমে বর্তমানে চালুকৃত স্টেশনের সংখ্যা ৪৫৬টি। ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯ এর আওতায় ৪৫,৯৯৭টি কল এ সাড়া প্রদান করা হয়েছে। চুড়িহাট্টা ওয়াহিদ মার্কেট, এফ আর টাওয়ারের অগ্নিদুর্ঘটনাসহ অন্যান্য দুর্ঘটনা সফলতার সাথে মোকাবিলা করা হয়েছে। ৬০,১৯০টি অগ্নিদুর্ঘটনা ও ২৪,৪১১টি অন্যান্য দুর্ঘটনা মোকাবিলা করে ৫৩৩০ কোটি টাকার সম্পদ রক্ষাসহ ৮৪,৫৩১ জনকে জীবিত এবং ৫৬৬৫ জনকে মৃত উদ্ধার করা হয়। জঙ্গিবিরোধী যৌথ অভিযান এবং অগ্নি নির্বাপণ কাজে অংশগ্রহণ করে ফায়ারফাইটার আঃ মতিন (২০১৭) ও সোহেল রানা (২০১৯) শাহাদাত বরণ করেছেন। অত্র বিভাগের অ্যাম্বুলেন্সের মাধ্যমে ৪৮,৮৪৯ জন রোগী পরিবহন করা হয়। কর্মীদের মনোবল বৃদ্ধি ও সেবার মান আরো গতিশীল করার লক্ষ্যে গত তিন বছরে ১৪১ জনকে পদক ও ৪৬৪ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়। ৫টি পদের বেতনগ্রেড উন্নীতকরণসহ ফায়ারম্যান পদবি পরিবর্তন করে ফায়ারফাইটার নামকরণ, পোশাকের পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস নিবন্ধন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি নির্মাণের লক্ষ্যে মুন্সিগঞ্জস্থিত গজারিয়ার ১০২.৯২ একর জমি অধগ্রহণ এবং নামকরণের সানুগ্রহ অনুমোদন গ্রহণ করা হয়েছে। ছয় মাস মেয়াদি বিভিন্ন কোর্সের মাধ্যমে ১৬৫৯ জন সাধারণ জনগণকে উচ্চতর প্রমিক্ষণ প্রদান করা হয়েছে। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৫৩৭৫ জন নতুন কমিউনিটি ভলান্টিয়ার ও ১৪৬০ জন রোহিঙ্গা শরণার্থীদের প্রশিক্ষণ প্রদান, অগ্নিনির্বাপণী ৩০৯৬ টি মহড়া, ৩১১টি সার্ভে ও ১৩৫০৬ জন জনসাধারণদের প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া বিশেষ প্রশিক্ষণের জন্য ম্যানুয়াল প্রস্তুত, শিশুদের সচেতনতার জন্য ভিডিও তৈরি, পুস্তিকা প্রকাশ, স্টিল স্ট্রাকচার, ওয়েল ফায়ার, গ্যাস ফায়ার ফাইটিং সিমুলেটর স্থাপন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে পোস্টগ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফায়ার সাইন্স এন্ড টেকনোলজি বিষয়ে অনুমোদন গ্রহণে এবং বিভিন্ন প্রকল্প ও রাজস্ব বরাদ্ধের মাধ্যমে প্রায় ২৮৮ কোটি টাকার আধুনিক সাজসরঞ্জামাদি সংগ্রহ করা হয়েছে।।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

অপরিকল্পিত নগরায়ন, আবাসিক এলাকায় কেমিক্যাল দোকান/ গোডাউন স্থাপন, অগ্নি নির্বাপণের জন্য শহর এলাকায় পানি, হাইড্রেন্ট সিস্টেম, ইনবিল্ট ফায়ার ফাইটিং ফ্যাসিলিটিজ এর স্বল্পতা, ট্রাফিক জ্যাম, রাস্তাঘাটের অপ্রতুলতা এবং জনসচেতনতার অভাবজনিত কারণে দুর্যোগে সাড়া প্রদান করে সময়মতো দুর্ঘটনা মোকাবিলা ও উদ্ধার কাজ পরিচালনা করা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অন্যতম প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সম্পন্নকরণ, ৬২০০০ কমিউনিটি ভলান্টিয়ার তৈরি, গ্যাপ এরিয়াতে ফায়ার স্টেশন নির্মাণ, ১০টি বিশেষায়িত অগ্নি নির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন, JICA ও KOICA-র সহায়তায় আধুনিক হেডকোয়ার্টার ও EOC স্থাপন এবং আধুনিক ও বিশ্বমানের প্রশিক্ষণ পরিচালনার লক্ষ্যে আধুনিক বঙ্গবন্ধু ফায়ার একাডেমি স্থাপন, অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ, প্রতিটি বিভাগে বিভাগীয় সদর দপ্তরসহ ওয়ার্কশপ ও কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসিক ভবন স্থাপন, স্যাটেলাইট ফায়ার স্টেশন স্থাপন, অর্গানোগ্রাম যুগোপযোগিকরণ করা হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- অগ্নিসহ অন্যান্য দুর্ঘটনায় শতভাগ সাড়া প্রদান করা হবে;
- অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ২৪০০টি প্রতিষ্ঠান পরিদর্শন, ৭০০ প্রতিষ্ঠানে সার্ভে পরিচালনা করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকরণে ৬৮৫০টি অগ্নি নির্বাপণী মহড়া, ৮৭০০টি টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা করা হবে;
- শিল্প প্রতিষ্ঠানে কর্মরতদের ৩৬০০০ জন ও ৭০০০০ জন সাধারণ জনগণকে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৮০০ জন নতুন কমিউনিটি ভলান্টিয়ারদের প্রশিক্ষণ প্রদান করা হবে;
- সক্ষমতা বৃদ্ধিকল্পে ১১টি মডার্ণ ফায়ার স্টেশনের আওতায় ০৭টি ফায়ার স্টেশন নির্মাণ করা হবে;
- বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপনের জমি অধিগ্রহণ ও ডিপিপি প্রণয়ন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: